

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

বগুড়া শাখা, বগুড়া।

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থধারণ আদালত আইন ২০০৩ এর ১২ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বগুড়া শাখা, বগুড়া এর ঝণগঢ়ীতা ১) জনাব আহমেদ হোসেন মুসী, পিতাঃ - মৃতঃ মোঃ নজরুল ইসলাম এবং ২) ডাঃ মোঃ মিজানুর রহমান, পিতাঃ - আহমেদ হোসেন মুসী, উভয়ের ঠিকানা-৩৫৩/৩৭১, ইন্দগাহ লেন, সূত্রাপুর, বগুড়া, কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিষ্ঠ স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোকার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঝণগঢ়ীতাদ্বয় মঙ্গলীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০১/০৬/২০১৫ ইং তারিখ পর্যন্ত খেলাপীঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ৫৪,৯৩,৭৫১.৮৫(চুয়ান্ন লক্ষ তিনান্বরই হাজার সাতশত একাশ টাকা পঁচাশি পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তি সমূহ এবং তদুপরিষ্ঠ স্থাপনাদি নিলামে বিক্রয়ের জন্য আঁধারী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সৌলভ্যমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

ক) জেলা : বগুড়া, থানা : বগুড়া সদর, জে.এল নং-৮২, মৌজা- সূত্রাপুর, সি.এস খতিয়ান নং-৭৭৬, এম আর আর-১০৫৮, ডিপি-৩১২, দাগ নং-সাবেক-৫৩৩, হাল- ৬২০৬ মোট জমির পরিমাণ- ২.৬৭ (দুই দশমিক সাতষষ্ঠি) শতাংশ।

খ) জেলা : বগুড়া, থানা : বগুড়া সদর, জে.এল নং- ১২১, মৌজা- মালগ্রাম, সি.এস খতিয়ান নং- ২৯৬, এম আর আর- ৪৫৩, ডিপি- ২৬২২, দাগ নং-সাবেক- ১১২৬, হাল- ৮০১ মোট জমির পরিমাণ- ২.৮৯ (দুই দশমিক উননবই) শতাংশ।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ১৩/০৭/২০১৫ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বগুড়া শাখা, বগুড়া এ রাখিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রাত্মা উদ্ধৃত দর এর ১০% সম্পরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বগুড়া শাখা, বগুড়া এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- (৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০(নবই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরপত্রাত্মাকে সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াঙ্গ হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রাত্মার জামানত বাজেয়াঙ্গ হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রাত্মাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দরদাতাগন তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আঁশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যায়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যাতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বগুড়া শাখা, বগুড়া।